গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৳২০

বিশ টাকা

০০৫৫৪০০

১৪৫৯০

২৭/৭/০৫
৩৩৭৫

মোবারক-ই-নূর ডেভেলপমেন্ট সোসাইটি
এর
সংঘ-স্মারক

Registrar of Joint Stock Companies
অবিকল নকল বলিয়া
প্রত্যায়ন করা হইল।
(আবদুল মান্নান)
সহকারী রেজিষ্ট্রার
জয়েন্ট ষ্টক কোম্পানীজ এণ্ড ফার্মস
বাণিজ্য মন্ত্রণালয়।
লেখক:
পাঠক:

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

সোসাইটি রেজিষ্ট্রেশন আইন ১৮৬০ সালের ২১ এ্যাক্ট অনুযায়ী নিবন্ধিত

# জাবাল-ই-নূর ডেভেলপমেন্ট সোসাইটি

এর

# সংঘ স্মারক

ও

# গঠনতন্ত্র

Registrar of Joint Stock Companies
অবিকল নকল বলিয়া প্রত্যায়ন করা হইল

১৮৬০ সনের সোসাইটিজ রেজিস্ট্রেশন এ্যাক্ট মোতাবেক নিবন্ধিত

# জাবাল-ই-নূর ডেভেলপমেন্ট সোসাইটি

এর

## সংঘস্মারক

## নাম

১। এই সোসাইটির নাম ঃ জাবাল-ই-নূর ডেভেলপমেন্ট সোসাইটি।

## কার্যালয়

২। এই সোসাইটির বর্তমান রেজিষ্ট্রার্ড অফিস ঃ গোপালপুর সর্টরোড, ফরিদপুর ৭৮০০।

## পরিধি

৩ (ক) এই সোসাইটির বর্তমান পরিধি সমগ্র বাংলাদেশ।

## প্রকৃতি

৪ (ক) এই সোসাইটি একটি অলাভ জনক, অরাজনৈতিক বেসরকারী স্বেচ্ছাসেবী ও দাতব্য প্রতিষ্ঠান।

৪ (খ) "সরকার/যথাযথ কর্তৃপক্ষ/উপযুক্ত কর্তৃপক্ষের প্রয়োজনীয় অনুমতি গ্রহনের পর নিম্নের সকল উদ্দেশ্য বাস্তবায়ন করা হইবে এবং এ্যাক্ট এর ২০ ধারার বিধানের পরিপন্থি উদ্দেশ্য/উদ্দেশ্যাবলী অকার্যকর বলিয়া গণ্য হইবে।"

Registrar of Joint Stock companies
অবিকল নকল বলিয়া
প্রত্যায়ন করা হইল
(আবদুল মান্নান)
সহকারী রেজিষ্ট্রার
জয়েন্ট ষ্টক কোম্পানীজ এন্ড ফার্মস
বাণিজ্য মন্ত্রণালয়।

# লক্ষ্য ও উদ্দেশ্য

১) ইসলামী ও মূল্যবোধের ভিত্তিতে শিক্ষার প্রসার, নৈতিক সংশোধন ও পুনর্গঠন, সাংস্কৃতিক বিকাশ, আর্ত মানবতার সেবা এবং আর্থ-সামাজিক উন্নয়ন সাধন।

২) নতুন প্রজন্মের শারীরিক ও মানসিক বিকাশের লক্ষ্যে শিক্ষা প্রতিষ্ঠান, পাঠাগার, কমনরুম, গবেষণাগার, ব্যায়াম ও খেলাধূলা সংশ্লিষ্ট ব্যবস্থা, গণপাঠ কক্ষ ইত্যাদি প্রতিষ্ঠা, পরিচালনা, তত্ত্বাবধান ও নিয়ন্ত্রণ করা।

৩) ইসলামের সুমহান আদর্শের প্রচার ও জাতীয় সচেতনতা গড়ে তোলার লক্ষ্যে তাফসীরুল কুরআন, ওয়াজ মাহফিল, সেমিনার, সিম্পোজিয়াম, আলোচনা সভাসহ বিভিন্ন শিক্ষামূলক কার্যক্রম পরিচালনা করা।

৪) ইসলামী চেতনা ও মূল্যবোধ জাগ্রত করার মাধ্যমে জাতীয় সংগহতি অর্জনে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা।

৫) সমগ্র দেশের জনতার কাছে ইসলামী মূল্যবোধ ও সংস্কৃতির প্রচার ও প্রসারের লক্ষ্যে মাসিক, পাক্ষিক, সাপ্তাহিক সাময়িকী, পুস্তিকা, লিফলেট প্রর্ভতি প্রচার ও বিতরণ করা।

৬) সমগ্র দেশের ছাত্র-ছাত্রীদের যোগ্য দক্ষ করে গড়ে তোলা, তাদের মেধা ও মননশীলতার বিকাশ এবং দ্বীনি ইসলাম সম্বন্ধে জ্ঞান দান করা।

৭) শিক্ষাবৃত্তি প্রদান ও বই-খাতা কলমসহ শিক্ষা উপকরণ বিতরণ, শর্তবিহীন আর্থিক সাহায্য আবাসিক সুবিধা প্রদানের মাধ্যমে মেধাবী ও দরিদ্র ছাত্র-ছাত্রীদের সাহায্য করা।

৮) দুঃস্থ ও অসহায় শিশুদের লালন পালনের লক্ষ্যে শিশু সদন প্রতিষ্ঠা ও পরিচালনা।

৯) সবার জন্য স্বাস্থ্য ঃ সবার জন্য স্বাস্থ্য রক্ষা নিশ্চিত করণের লক্ষ্যে প্রাথমিক স্বাস্থ্য শিক্ষা দেওয়া, নিয়মিত স্বাস্থ্য পরিচর্যা ও প্রাথমিক চিকিৎসা প্রদানের লক্ষ্যে বিনামূল্যে স্বাস্থ্য সেবা ও চিকিৎসা প্রদান করা।

Registrar of Joint Stock Companies
অবিকল নকল বলিয়া
প্রত্যায়ন করা হইল।
(আবদুল মান্নান)
সহকারী রেজিষ্ট্রার
জয়েন্ট স্টক কোম্পানীজ এন্ড ফার্মস
বাণিজ্য মন্ত্রণালয়।

ঝ) মা ও শিশু স্বাস্থ্য রক্ষা ঃ মা ও শিশু স্বাস্থ্য রক্ষার জন্য সময়মত প্রতিষেধক টিকা গ্রহণের জন্য উদ্বুদ্ধ করা এবং সহযোগিতা প্রদান করা।

ঞ) স্বাস্থ্য শিক্ষা ও পয়ঃনিষ্কাশনঃ জনগণকে পুষ্টি সম্পর্কে জ্ঞান দান এবং জনস্বাস্থ্য রক্ষার্থে ব্যক্তিগত স্বাস্থ্য পরিচর্যা ও স্বাস্থ্যসম্মত পায়খানা ব্যবহার করার জন্য সকলকে উদ্বুদ্ধ করা এবং বিনামূল্যে বা স্বল্পমূল্যে স্বাস্থ্যসম্মত পায়খানার উপকরন সরবরাহ করা।

ট) নিরাপদ পানি সরবরাহ ঃ আর্সেনিক মুক্ত নিরাপদ পানি সরবরাহ করার জন্য প্রয়োজনী ব্যবস্থা গ্রহন করা।

ঠ) সামাজিক বনায়ন কর্মসূচী ঃ পরিবেশ রক্ষার্থে সারাদেশ ব্যাপীী অনাবাদী ও বাড়ীর আশে পাশে রাস্তা ঘাটের আশে পাশে সবুজ বনায়নে ও বৃক্ষ রোপনে সকলকে উদ্বুদ্ধ করা এবং প্রয়োজনীয় সহযোগিতা করা হইবে।

ড) মাদক ও ধূমপান মুক্ত সমাজ গঠন ঃ মাদক ও নেশা জাতীয় দ্রব্যের কুফল সম্পর্কে সকলকে অবহিত করা এবং মাদক ও ধূমপান মুক্ত সমাজ গঠনে সকলকে উদ্বুদ্ধ করা।

ঢ) বিভিন্ন দিবস পালন যেমনঃ ধর্মীয়, জাতীয় দিবস সমূহ পালন করা ও কর্মসূচী দেওয়া।

ণ) ক্রীড়া ও সাংস্কৃতিক কর্মসূচী ঃ এলাকার শিশু, যুব ও বয়স্ক পুরুষ ও নারীদের ইসলামী গল্পের বই পাঠ করাসহ বিভিন্ন ক্রীড়া ও সাংস্কৃতিক অনুষ্ঠান পরিচালনা ও বাস্তবায়ন করা।

ত) সোসাইটির সামর্থ ও বিস্তৃতির প্রেক্ষিতে সমাজকল্যাণমূলক কার্যক্রমের জন্য যে কোন প্রকল্প স্থাপন ও পরিচালনা করা।

থ) ক্ষতিগ্রস্থ, দুস্থ ও আর্তমানবতার সেবায় সম্ভাব্য আর্থিক সহযোগিতা প্রদান।

## প্রকৃতি

৮। ক) এই সোসাইটি বেসরকারী, অরাজনৈতিক, অলাভজনক, স্বেচ্ছাসেবী দাতব্য প্রতিষ্ঠান।

খ) এটা একটি অলাভজনক সেবামূলক প্রতিষ্ঠান, যার সমূদয় কার্যাবলী ইসলামের বিধান মোতাবেক সমাজ সেবা ও মানব কল্যাণের কাজে উৎসর্গকৃত। এর যাবতীয় সম্পদ ও আয় প্রতিষ্ঠানে বর্ণিত উদ্দেশ্য ও লক্ষ্য অর্জনের জন্য ব্যয় করা হবে এবং কোনো অংশ বা লাভ প্রত্যক্ষ বা পরোক্ষভাবে কোন সদস্যের কাছে প্রদান বা হস্তান্তর করা যাবে না।

## তহবিল

৯। এই সোসাইটির তহবিল নিম্নবর্ণিত উৎসসমূহ থেকে গঠিত হবে:

ক) সদস্যদের চাঁদা ও দান।

খ) শুভাকাংখীদের দান/ বিনিয়োগ।

অবিকল নকল বলিয়া প্রত্যয়ন করা হইল
(আবদুল মান্নান)
সহকারী রেজিস্ট্রার
জয়েন্ট স্টক কোম্পানীজ ও ফার্মস
বাণিজ্য মন্ত্রণালয়

গ) সরকারী, বেসরকারী ও বিদেশী সংস্থার বা প্রতিষ্ঠানের অনুদান।

ঘ) বিনিয়োগ থেকে প্রাপ্ত মুনাফা।

ঘ) গৃহিত প্রকল্প হতে আয়।

চ) ব্যক্তি/ প্রতিষ্ঠান থেকে গৃহীত ঋণ।

ছ) এই সোসাইটির সমভাবাপন্ন প্রতিষ্ঠান হতে আর্থিক সহযোগিতা গ্রহণ করতে পারবে।

জ) অন্যান্য।

উল্লেখ্য যে, এই সোসাইটি বাংলাদেশ সরকার বিঘোষিত ১৯৭৮ইং সনের ফরেন ডোনেশান এ্যাক্ট (ভলান্টারী একটিভিটিজ) রেগুলেশান্স-এর বিধি-বিধান বহির্ভূত পন্থায় কোনো বিদেশী অনুদান গ্রহণ করবে না।

<u>অবসায়ন</u>

১০। কোনো উদ্ভুত পরিস্থিতির প্রেক্ষিতে সোসাইটির অবসায়ন ঘোষণার প্রয়োজন দেখা দিলে কার্যনির্বাহী পরিষদের সিদ্ধান্ত মোতাবেক আহুত সাধারণ সভায় অন্ততঃ ৩/৫ (তিন-পঞ্চমাংশ) সদস্যের গৃহীত বিশেষ সিদ্ধান্তক্রমে এই সোসাইটির অবসায়ন হতে পারবে এবং যাবতীয় ব্যয়ভার বহনের পর এর কোন অর্থ বা সম্পদ অবশিষ্ট থাকলে তা প্রতিষ্ঠানের লক্ষ্যসমূহের অনুরূপ লক্ষ্য সম্বলিত কোনো সংস্থার নিকট অনুদান হিসেবে হস্তান্তরিত করা যাবে।

১১। কার্যনির্বাহি কমিটি ঃ ' জাবাল-ই-নূর ডেভলপমেন্ট সোসাইটি ' পরিচালনার জন্য ৭ (সাত) সদস্য বিশিষ্ট একটি কার্য নির্বাহী কমিটি থাকবে। নিম্ন লিখিত ব্যক্তিবর্গকে নিয়ে সোসাইটির প্রথম কার্য নির্বাহী কমিটি গঠন করা হলো।

| ক্রমিক নং | নাম, পিতার নাম, বয়স ও ঠিকানা | পেশা | পদবী |
|---|---|---|---|
| ০১। | মোঃ বরকত উল্লাহ<br>পিতা- শামসুদ্দীন আহমদ<br>গ্রাম- রামচন্দ্রপুর, পোঃ গোবরা-চাঁদপুর,<br>উপজেলা- কুমারখালী, জেলা- কুষ্টিয়া।<br>বয়স-৪৫ বছর, জাতীয়তা- বাংলাদেশী। | বেসরকারী চাকুরী | চেয়ারম্যান |
| ০২। | আলহাজ্ব মোঃ আব্দুল্লাহ<br>পিতা- মরহুম আঃ সোবহান<br>গ্রাম- গোপগ্রাম, পোঃ জোতপাড়া,<br>উপজেলা- খোকসা, জেলা- কুষ্টিয়া।<br>বয়স- ৫১ বছর , জাতীয়তা- বাংলাদেশী। | শিক্ষকতা | ভাইস-চেয়ারম্যান |
| ০৩। | মোঃ আমজাদ হোসেন মজনু<br>পিতা- মরহুম আকুল উদ্দিন সেখ<br>খোকসা কলেজ পাড়া, পোঃ জানিপুর,<br>উপজেলা- খোকসা, জেলা- কুষ্টিয়া।<br>বয়স- ৫১ বছর, জাতীয়তা- বাংলাদেশী। | ব্যবসা | সেক্রেটারী |

Registrar of Joint Stock Companies
আসিকল নকল বলিয়া প্রত্যায়ন করা হইল।
(আবদুল মান্নান)
সহকারী রেজিস্ট্রার
জয়েন্ট স্টক কোম্পানীজ এ...

| | | | |
|---|---|---|---|
| ০৪। | মোঃ আবু বকর সিদ্দীক<br>পিতা- মোঃ আরজ আলী<br>গ্রাম- রায়পুর, পোঃ ওসমানপুর,<br>উপজেলা- খোকসা, জেলা- কুষ্টিয়া।<br>বয়স- ৩৪ বছর, জাতীয়তা- বাংলাদেশী। | ব্যবসা | কোষাধ্যক্ষ |
| ০৫। | আলহাজ্ব মাওলানা আওয়াবুল্লাহ ইব্রাহীম<br>পিতা- মাওলানা মোঃ বেলায়েত হোসেন<br>পোঃ জানিপুর, গ্রাম ও উপজেলা- খোকসা,<br>জেলা- কুষ্টিয়া।<br>বয়স- ৪২ বছর , জাতীয়তা- বাংলাদেশী। | শিক্ষকতা | সদস্য |
| ০৬। | হাফেজ মোঃ নূরুল ইসলাম<br>পিতা- মোঃ ফজলুর রহমান<br>গ্রাম- ওসমানপুর, পোঃ ওসমানপুর,<br>উপজেলা- খোকসা, জেলা- কুষ্টিয়া।<br>বয়স- ৪২ বছর, জাতীয়তা- বাংলাদেশী। | ব্যবসা | সদস্য |
| ০৭। | মোছাঃ রুনা সুলতানা<br>পিতা- সেখ মোঃ মজিবর রহমান<br>গ্রাম- খোকসা, পোঃ জানিপুর,<br>উপজেলা- খোকসা, জেলা- কুষ্টিয়া।<br>বয়স-৩৭, জাতীয়তা- বাংলাদেশী । | ব্যবসা | সদস্য |

৬। আমরা নিম্ন স্বাক্ষরকারী ব্যক্তিগন জাবাল-ই-নূর ডেভেলপমেন্ট সোসাইটি গঠনে সম্মত হয়ে উক্ত সংঘ স্মারকে স্ব স্ব নামের বিপরীতে স্বাক্ষর প্রদান করিলাম।

| ক্রমিক নং | নাম, পিতার নাম, বয়স ও ঠিকানা | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১। | মোঃ বরকত উল্লাহ<br>পিতা- শামসুদ্দীন আহমদ<br>গ্রাম- রামচন্দ্রপুর, পোঃ গোবরা-চাঁদপুর,<br>উপজেলা- কুমারখালী, জেলা- কুষ্টিয়া।<br>বয়স-৪৫ বছর, জাতীয়তা- বাংলাদেশী। | বেসরকারী চাকুরী | ~~চেয়ারম্যান~~<br>চেয়ারম্যান |
| ০২। | আলহাজ্ব মোঃ আব্দুল্লাহ<br>পিতা- মরহুম আঃ সোবহান<br>গ্রাম- গোপগ্রাম, পোঃ জোতপাড়া,<br>উপজেলা- খোকসা, জেলা- কুষ্টিয়া।<br>বয়স- ৫১ বছর , জাতীয়তা- বাংলাদেশী। | শিক্ষকতা | ~~ভাইস-চেয়ারম্যান~~<br>ভাইস চেয়ারম্যান |
| ০৩। | মোঃ আমজাদ হোসেন মজনু<br>পিতা- মরহুম আকুল উদ্দিন সেখ<br>খোকসা কলেজ পাড়া, পোঃ জানিপুর,<br>উপজেলা- খোকসা, জেলা- কুষ্টিয়া।<br>বয়স- ৫১ বছর, জাতীয়তা- বাংলাদেশী। | ব্যবসা | ~~সেক্রেটারী~~<br>সেক্রেটারী |
| ০৪। | মোঃ আবু বকর সিদ্দীক | | ~~কোষাধ্যক্ষ~~ |

Registrar of Joint Stock companies
অবিকল নকল বলিয়া প্রত্যায়ন করা হইল
(আবদুল মান্নান)
সহকারী রেজিস্ট্রার
বাণিজ্য মন্ত্রণালয়

| | | | |
|---|---|---|---|
| | পিতা- মোঃ আরজ আলী<br>গ্রাম- রায়পুর, পোঃ ওসমানপুর,<br>উপজেলা- খোকসা, জেলা- কুষ্টিয়া।<br>বয়স- ৩৪ বছর, জাতীয়তা- বাংলাদেশী। | | |
| ০৫। | আলহাজ্ব মাওলানা আওয়াবুল্লাহ ইব্রাহীম<br>পিতা- মাওলানা মোঃ বেলায়েত হোসেন<br>পোঃ জানিপুর, গ্রাম ও উপজেলা- খোকসা,<br>জেলা- কুষ্টিয়া।<br>বয়স- ৪২ বছর , জাতীয়তা- বাংলাদেশী। | শিক্ষকতা | ~~সদস্য~~ সদস্য |
| ০৬। | হাফেজ মোঃ নূরুল ইসলাম<br>পিতা- মোঃ ফজলুর রহমান<br>গ্রাম- ওসমানপুর, পোঃ ওসমানপুর,<br>উপজেলা- খোকসা, জেলা- কুষ্টিয়া।<br>বয়স- ৪২ বছর, জাতীয়তা- বাংলাদেশী। | ব্যবসা | ~~সদস্য~~ সদস্য |
| ০৭। | মোছাঃ রুনা সুলতানা<br>পিতা- সেখ মোঃ মজিবর রহমান<br>গ্রাম- খোকসা, পোঃ জানিপুর,<br>উপজেলা- খোকসা, জেলা- কুষ্টিয়া।<br>বয়স-৩৭, জাতীয়তা- বাংলাদেশী । | ব্যবসা | ~~সদস্য~~ সদস্য |

Registrar of Joint Stock Companies

অবিকল নকল হিসাবে
প্রত্যয়ন করা হইল

(আবদুল মান্নান)
সহকারী রেজিষ্ট্রার
জয়েন্ট স্টক কোম্পানীজ এন্ড ফার্মস
বাণিজ্য মন্ত্রণালয়।

১৮৬০ সনের সোসাইটিজ রেজিস্ট্রেশন এ্যাক্ট মোতাবেক নিবন্ধিত

# জাবাল-ই-নূর ডেভেলপমেন্ট সোসাইটি

এর

## সংঘবিধি/গঠণতন্ত্র

### বিষয়বস্তু ও সংজ্ঞা

ধারা- ১ ঃ অত্র গঠনতন্ত্রে বিষয়-বস্তু এবং উদ্দেশ্যের মধ্যে পরস্পর বিরোধী কিছু না থাকলে:

- ' সোসাইটি ' বলতে সোসাইটির বুঝাবে।
- 'গঠনতন্ত্র' বলতে জাবাল-ই-নূর ডেভেলপমেন্ট সোসাইটির গঠনতন্ত্র বুঝাবে।
- 'কার্যনির্বাহী পরিষদ' বলতে সোসাইটির উদ্দেশ্যাবলী বাস্তবায়নের লক্ষ্যে গঠিত কার্যনির্বাহী কমিটিকে বুঝাবে।
- 'উপদেষ্টা পরিষদ' বলতে সোসাইটির সুষ্ঠু পরিচালনায় মূল্যবান পরামর্শ ও উপদেশ প্রদানের উদ্দেশ্যে গঠিত পরিষদ বুঝাবে।
- 'সদস্য' বলতে সোসাইটির সদস্যকে বুঝাবে।
- 'চেয়ারম্যান' বলতে সোসাইটির চেয়ারম্যানকে বুঝাবে।

### সদস্য

ধারা- ২ ঃ সোসাইটির সদস্য সংখ্যা কার্যনির্বাহী পরিষদ কর্তৃক নির্ধারিত হবে।

ক) শিক্ষা ও সমাজ সেবার ক্ষেত্রে সুখ্যাতি আছে, প্রাপ্ত বয়স্ক, এমন ব্যক্তি যিনি ইসলামের বাস্তব অনুসারী, সোসাইটির লক্ষ্য ও উদ্দেশ্যের সাথে সচেতনভাবে একমত পোষণকারী, সোসাইটির তৎপরতায় সহযোগিতা করতে আগ্রহি এবং সোসাইটির নিয়ম নীতি মেনে চলবেন তিনি নির্ধারিত ফরমে আবেদন করে কার্যনির্বাহী পরিষদ কর্তৃক অনুমোদিত পন্থায় এই সোসাইটির সাধারন সদস্য হতে পারবেন।

খ) সাধারন সদস্যঃ ধারা- ১১ এর 'ক' অনুচ্ছেদ অনুযায়ী যোগ্য হিসাবে বিবেচিত কোন ব্যক্তি ভর্তি ফি ১০০.০০ (একশত) টাকা এবং বার্ষিক চাঁদা ১০০.০০ (একশত) টাকা প্রদান সাপেক্ষে সাধারন সদস্য হতে পারবেন ।

গ) জীবন সদস্যঃ সাধারন সদস্য পদের যোগ্য কোন ব্যক্তি এককালীন ৫,০০০.০০ (পাঁচ হাজার) টাকা চাঁদা প্রদান সাপেক্ষে জীবন সদস্য হতে পারবেন।

ঘ) দাতা সদস্যঃ সাধারন সদস্য পদের যোগ্য কোন ব্যক্তি এককালীন ১,০০,০০০.০০ (এক লক্ষ) বা তদুর্ধ পরিমান নগদ টাকা বা সমমূল্যের সম্পদ/সম্পত্তি প্রদান সাপেক্ষে দাতা সদস্য হতে পারবেন ।

ঙ) পৃষ্ঠপোষকঃ সাধারন সদস্য পদের যোগ্য কোন ব্যক্তিকে কার্যনির্বাহী পরিষদ সোসাইটির পৃষ্ঠপোষক হিসাবে স্বীকৃতি দিতে পারবে। পৃষ্ঠপোষকের কোন ভোটাধিকার থাকবে না।

চ) সম্মানিত সদস্যঃ সোসাইটির মর্যাদা ও উন্নয়নের স্বার্থে মানব হিতৈষী কোন মুসলিম ব্যক্তিকে সম্মানিত সদস্য পদ প্রদান করা যেতে পারে। তবে সম্মানিত সদস্যের কোন ভোটাধিকার থাকবে না।

## সদস্যপদের বিলুপ্তি

ধারা-৩ ঃ কার্যনির্বাহী পরিষদের অনুমোদন সাপেক্ষে চেয়ারম্যান যে কোন সদস্যের সদস্যপদ বাতিল করতে কিংবা বিলুপ্ত ঘোষনা করতে পারেন। যদি তিনি –

- নৈতিকতা বিরোধী কাজ করেন।
- সোসাইটির উদ্দেশ্যাবলীর পরিপন্থী কোন কাজ করেন।
- নির্ধারিত সময়ে সদস্যপদ নবায়ন করা থেকে বিরত থাকেন।
- সোসাইটির নিয়মিত বৈঠক সমূহে যৌক্তিক কারন ব্যতিত পর পর তিনবার অনুপস্থিত থাকেন।
- অপ্রকৃতিস্থ হয়ে পড়েন অথবা মৃত্যুবরন করেন।
- রাষ্ট্র বিরোধী কাজ করেন কিংবা দেউলিয়া হন।
- স্বেচ্ছায় পদত্যাগ করেন।

## কার্যনির্বাহী পরিষদ গঠন

ধারা-৪ ঃ কার্যনির্বাহী পরিষদের গঠন প্রক্রিয়া হবে নিম্নরূপ:

ক) সোসাইটি পরিচালনার জন্য ৭ (সাত) সদস্য বিশিষ্ট একটি কার্যনির্বাহী পরিষদ থাকবে।

খ) কার্যনির্বাহী পরিষদে একজন চেয়ারম্যান, একজন ভাইস চেয়ারম্যান, একজন সেক্রেটারী, একজন কোষাধ্যক্ষ ও ৩ (তিন) জন নির্বাহী সদস্য থাকবেন।

গ) কার্যনির্বাহী পরিষদের মেয়াদ হবে তিন বছর।

ঘ) সাধারন পরিষদের বিশেষ সভায় অধিকাংশ সদস্যদের সম্মতিক্রমে অথবা সাধারন সদস্যদের প্রত্যক্ষ ভোটে কার্যনির্বাহী পরিষদের বিভিন্ন পদে নির্বাচন অনুষ্ঠিত হবে।

ঙ) প্রত্যক্ষ ভোটে নির্বাচনের ক্ষেত্রে গঠনতন্ত্রের ধারা-১২ অনুসরন করতে হবে।

## কার্যনির্বাহী পরিষদের দায়িত্ব ও ক্ষমতা

৫ ঃ কার্যনির্বাহী পরিষদের দায়িত্ব ও ক্ষমতা নিম্নরূপ ঃ

ক) লক্ষ্য ও উদ্দেশ্যের আলোকে সোসাইটির উন্নয়ন ও সুষ্ঠু পরিচালনার জন্য সকল কাজের পরিকল্পনা প্রণয়ন, নীতিনির্ধারণ এবং প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহন, গৃহিত সিদ্ধান্ত সুচারুরূপে বাস্তবায়ন, চেয়ারম্যানের দায়িত্ব পালনে সহযোগিতা প্রদান, সোসাইটির গঠনতন্ত্রের অনুসরণ ও বাস্তবায়নে সক্রিয় অংশগ্রহণ এবং যথাযথ ব্যবস্থা গ্রহণ করা।

খ) সোসাইটির যে কোন সিদ্ধান্ত সংখ্যাগরিষ্ঠ কার্যনির্বাহী পরিষদ সদস্যদের মতামতের ভিত্তিতেই গৃহীত হবে

গ) কার্যনির্বাহী পরিষদের কোন সদস্য যদি সাধারণ সদস্যের যোগ্যতা হারান তবে চেয়ারম্যান উক্ত পরিষদের মতামতের ভিত্তিতে তদস্থহলে নতুন সদস্য মনোনীত করবেন।

ঘ) কার্যনির্বাহী পরিষদ সাধারণভাবে এই সোসাইটির যাবতীয় কাজের উপর কর্তৃত্বশীল হবে এবং বিশেষভাবে নিম্নোক্ত ক্ষেত্রে ক্ষমতা প্রয়োগ করবে।

১) এই সোসাইটির জন্য বিভিন্ন নিয়ম-কানুন প্রণয়ন এবং প্রয়োজনবোধে পরিবর্তন সাধন।

২) বিভিন্ন অর্থনৈতিক কর্মকান্ড ও দায়দায়িত্বের ভার বহন।

৩) তহবিল ও সম্পদ সংগ্রহের জন্য যে কোন স্থাবর ও অস্থাবর সম্পতি (যে কোন প্রকার হউক) ক্রয়, বিক্রয়, হস্তান্তর, রূপান্তর, লীজ ইত্যাদির মাধ্যমে মালিকানা গ্রহণ করতে পারবে ও উক্ত সম্পদের উন্নয়ন, বন্ধক, ব্যবহার ও পরিবর্তন করতে পারবে। প্রয়োজনে ব্যাংক ঋণ গ্রহণ করা যাবে।

৪) অডিট রিপোর্ট ও বাজেট পাস করা।

৫) কার্য সম্পাদনের জন্য কর্মচারী বাছাই, নিয়োগ, প্রশিক্ষণ প্রদান ও প্রয়োজনে বরখাস্তকরন। নিয়োগের ক্ষেত্রে কোন প্রকার অর্থ জামানত হিসেবে গ্রহন করা হবে না।

৬) পরিচালনা বিধির ব্যাখ্যা প্রদান।

৭) বেতনভোগী কর্মকর্তা-কর্মচারীদের জন্য চাকুরী বিধি প্রণয়ন।

৮) লক্ষ্যসমূহ বাস্তবায়নের জন্য বিভিন্নমূখী পরিকল্পনা প্রণয়ন ও তা বাস্তবায়নের জন্য কার্যকরী পদক্ষেপ নেয়া।

Registrar of Joint Stock companies
প্রত্যায়ন করা হইল
(আবদুল মান্নান)
সহকারী রেজিস্ট্রার
জয়েন্ট স্টক কোম্পানীজ এন্ড ফার্মস
বাণিজ্য মন্ত্রণালয়।

ঙ) লক্ষ্য বাস্তবায়নের জন্য অর্থ বা এর তহবিল সুষ্ঠ ও সুবিধাজনকভাবে যেকোন খাতে সুনির্দিষ্ট নীতিমালার আলোকে বিনিয়োগ করা।

## চেয়ারম্যানের দায়িত্ব ও ক্ষমতা

ধারা-৬ ঃ চেয়ারম্যানের দায়িত্ব ও ক্ষমতা নিম্নরূপ:

ক) চেয়ারম্যান সোসাইটির প্রধান হবেন এবং সংশ্লিষ্ট কার্যাবলী সম্পাদন করবেন। তিনি যাবতীয় কার্যাবলীর জন্য কার্যনির্বাহী পরিষদের নিকট দায়ী থাকবেন।

খ) চেয়ারম্যানের দায়িত্ব ও কর্তব্য হবে সোসাইটির লক্ষ্য ও উদ্দেশ্য বাস্তবায়ন, সোসাইটির সকল বিভাগের সর্বোত্তম তত্ত্বাবধান, কার্যক্রমের সুষ্ঠু পরিচালনা এবং যে কোন ত্রুটি দুরীকরণে আশু পদক্ষেপ গ্রহণ।

খ) চেয়ারম্যান সেক্রেটারীর অনুরোধক্রমে কার্যনির্বাহী পরিষদের সভা ও সাধারণ সভাসহ বিভিন্ন সভা সমাবেশ আহ্বান করবেন এবং সভাসমূহে সভাপতিত্ব করবেন।

ঘ) সোসাইটির সম্পদ-সম্পত্তিসহ আয়-ব্যয়ের তদারকি করবেন।

ঙ) চেয়াম্যানের পদ শূন্য হলে কার্যনির্বাহী পরিষদ অধিকাংশের মতামতের ভিত্তিতে কার্যনির্বাহী পরিষদের মধ্য থেকে একজনকে ভারপ্রাপ্ত চেয়ারম্যান হিসেবে মানোনীত করবে এবং অনুর্ধ্ব তিন মাসের মধ্যে স্থায়ীভাবে চেয়ারম্যান নির্বাচনের ব্যবস্থা করবেন।

## ভাইস চেয়ারম্যানের দায়িত্ব ও ক্ষমতা

ধারা-৭ ঃ ভাইস চেয়ারম্যানের দায়িত্ব ও ক্ষমতা নিম্নরূপ:

ক) চেয়ারম্যানের অনুপস্থিতিতে সেক্রেটারীর সাথে পরামর্শের ভিত্তিতে সকল কার্যক্রম পরিচালনা করার ক্ষমতা থাকবে।

## সেক্রেটারীর দায়িত্ব ও ক্ষমতা

ধারা-৮ ঃ সেক্রেটারীর দায়িত্ব ও ক্ষমতা নিম্নরূপ:

ক) চেয়ারম্যানকে সার্বিক সহযোগিতা করা, সোসাইটির যাবতীয় তথ্য চেয়ারম্যানকে অবহিত করা, পরামর্শ দেয়া এবং চেয়ারম্যানের অনুপস্থিতিতে ভাইস চেয়ারম্যানের সাথে

Registrar of Joint Stock companies
অবিকল নকল বলিয়া প্রত্যায়ন করা হইল
(আবদুল মান্নান)

পরামর্শক্রমে যাবতীয় ক্ষমতা প্রয়োগ ও কাজের তদারকি করাই সেক্রেটারীর দায়িত্বের অন্ত র্ভূক্ত থাকবে।

খ) সাধারন সম্পাদক সামগ্রিক কাজের জন্য কার্যনির্বাহী পরিষদের নিকট জবাবদিহি করবেন।

গ) সোসাইটির সম্পদ-সম্পত্তি সহ আয়-ব্যয়ের তদারকি করবেন।

## কোষাধ্যক্ষের দায়িত্ব ও ক্ষমতা

ধারা–৯ ঃ কোষাধ্যক্ষের দায়িত্ব ও ক্ষমতা নিম্নরূপ:

ক) চেয়ারম্যান ও সেক্রেটারীর আদেশ অনুযায়ী সোসাইটির যাবতীয় আয়-ব্যয়ের হিসাব রক্ষনাবেক্ষন ও পরিচালনা করবেন।

খ) চেয়ারম্যান ও সেক্রেটারীর সম্মতি ব্যতীত কোথাও লেনদেন করতে পারবেন না।

গ) কার্যনির্বাহী পরিষদের সভায় আয়-ব্যয়ের হিসাব উপস্থাপন করবেন।

## উপদেষ্টা পরিষদ

ধারা–১০ ঃ

ক) কার্যনির্বাহী পরিষদের স্বিদ্ধান্ত মোতাবেক একটি উপদেষ্টা পরিষদ গঠিত হবে।

খ) উপদেষ্টা পরিষদের সদস্যগণ ৩(তিন)বছরের জন্যে মনোনীত হবেন।

ঘ) সোসাইটির সার্বিক উন্নয়নে কার্যনির্বাহি পরিষদকে পরামর্শ দান এবং বার্ষিক সাধারণ সভায় যোগদান উপদেষ্টা পরিষদের অধিকারের অন্তর্ভূক্ত থাকবে।

## সাধারণ পরিষদ

ধারা–১১ ঃ

ক) সকল সদস্যদের উপস্থিতিতে প্রতি বৎসর এক বা একাধিক বার সাধারণ পরিষদের সভা অনুষ্ঠিত হবে। পূর্বেই বিধি মোতাবেক সংশ্লিষ্ট সবাইকে সভার তারিখ, সময়, স্থান সম্পর্কে অবহিত করে নোটিশ প্রধান করতে হবে।

খ) সাধারণ সভায় কার্যনির্বাহী পরিষদ কর্তৃক প্রণিত বাজেট সহ সোসাইটির যাবতীয় আয়-ব্যয়ের হিসাব এবং বার্ষিক প্রতিবেদন পেশ করতে হবে। এছাড়া সোসাইটির নতুন নীতিমালা ও কার্যক্রমের পরিকল্পনা সাধারণ সদস্যদের মাঝে অবহিত করতে হবে।

গ) কার্যনির্বাহী পরিষদের সভা এবং সাধারন সভা ২/৩ (দুই তৃতীয়াংশ) সদস্যের উপস্থিতিতে কোরাম হবে। কিন্তু কোরাম না হওয়ার কারণে কোন সভা মূলতবী হলে পরবর্তী সভার জন্য কোরামের প্রয়োজন হবে না। যে কোন সভার প্রতিটি সিদ্ধান্তই উপস্থিত অধিকাংশের মতানুযায়ী গৃহীত হবে।

অবিকল নকল বলিয়া

## নির্বাচন

ধারা–১২ ঃ

ক) সকল পর্যায়ের নিবার্চন পদ্ধতি কার্যনির্বাহি পরিষদ র্নিধারণ করবেন।

খ) কার্যনির্বাহী পরিষদ উপদেষ্টাগণের মধ্যে থেকে একজনকে প্রধান করে তিন সদস্য বিশিষ্ট একটি নির্বাচন কমিশন গঠন করবেন।

গ) ৩০ (ত্রিশ) দিনের ভেতর নির্বাচন কমিশন নির্বাচনের ব্যবস্থা করবেন।

## হিসাব ও অডিট

ধারা–১৩ ঃ

ক) কার্যনির্বাহী পরিষদ কর্তৃক মনোনীত যে কোন অডিট ফার্ম দিয়ে প্রতি বছর অডিট করানো হবে।

খ) চেয়ারম্যান, সাধারন সম্পাদক এবং কার্যনির্বাহী পরিষদ মনোনীত অন্য একজন সদস্য-এই তিন জনের নামে ব্যাংক একাউন্ট থাকবে। টাকা উঠাতে সেক্রেটারীসহ যে কোন দুইজনের স্বাক্ষর অবশ্যই থাকবে।

## সেশন

ধারা–১৪ ঃ ইংরেজি বছরের জানুয়ারী মাস থেকে সোসাইটির সেশন শুরু হবে।

## সংশোধন

ধারা–১৫ ঃ

কার্যনির্বাহী পরিষদের ৩/৫ (তিন পঞ্চমাংশ) সদস্যের মতামতের ভিত্তিতে গঠনতন্ত্রের কোনো ধারা সংশোধন, সংযোজন ও পরিবর্তনের প্রস্তাব করা যাবে। উক্ত প্রস্তাব সাধারণ সভায় তিন পঞ্চমাংশ সদস্যের ভোটে অনুমোদনক্রমে সংশোধন করা যাবে।

সমাপ্ত

Registrar of Joint Stock Companies

অবিকল নকল বলিয়া প্রত্যায়ন করা হইল

(আবদুল মান্নান)
সহকারী রেজিস্ট্রার

আমরা নিম্ন স্বাক্ষরকারী ব্যক্তিগন ' জাবাল-ই-নূর ডেভেলপমেন্ট সোসাইটি ' এর গঠনতন্ত্র গ্রহনে সম্মত হয়ে স্ব স্ব নামের বিপরীতে স্বাক্ষর প্রদান করিলাম। আমরা এই মর্মে প্রত্যয়ন করিতেছি যে, দাখিলকৃত গঠনতন্ত্র মূল গঠনতন্ত্রের অবিকল নকল।

| ক্রমিক নং | নাম, পিতার নাম, বয়স ও ঠিকানা | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১। | মোঃ বরকত উল্লাহ<br>পিতা- শামসুদ্দীন আহমদ<br>গ্রাম- রামচন্দ্রপুর, পোঃ গোবরা-চাঁদপুর,<br>উপজেলা- কুমারখালী, জেলা- কুষ্টিয়া।<br>বয়স-৪৫ বছর, জাতীয়তা- বাংলাদেশী। | চেয়ারম্যান | |
| ০২। | আলহাজ্ব মোঃ আব্দুল্লাহ<br>পিতা- মরহুম আঃ সোবহান<br>গ্রাম- গোপগ্রাম, পোঃ জোতপাড়া,<br>উপজেলা- খোকসা, জেলা- কুষ্টিয়া।<br>বয়স- ৫১ বছর , জাতীয়তা- বাংলাদেশী। | ভাইস-চেয়ারম্যান | |
| ০৩। | মোঃ আমজাদ হোসেন মজনু<br>পিতা- মরহুম আকুল উদ্দিন সেখ<br>খোকসা কলেজ পাড়া, পোঃ জানিপুর,<br>উপজেলা- খোকসা, জেলা- কুষ্টিয়া।<br>বয়স- ৫১ বছর, জাতীয়তা- বাংলাদেশী। | সেক্রেটারী | |
| ০৪। | মোঃ আবু বকর সিদ্দীক<br>পিতা- মোঃ আরজ আলী<br>গ্রাম- রায়পুর, পোঃ ওসমানপুর,<br>উপজেলা- খোকসা, জেলা- কুষ্টিয়া।<br>বয়স- ৩৪ বছর, জাতীয়তা- বাংলাদেশী। | কোষাধ্যক্ষ | |
| ০৫। | আলহাজ্ব মাওলানা আওয়াবুল্লাহ ইব্রাহীম<br>পিতা- মাওলানা মোঃ বেলায়েত হোসেন<br>পোঃ জানিপুর, গ্রাম ও উপজেলা- খোকসা,<br>জেলা- কুষ্টিয়া।<br>বয়স- ৪২ বছর , জাতীয়তা- বাংলাদেশী। | সদস্য | |
| ০৬। | হাফেজ মোঃ নুরুল ইসলাম<br>পিতা- মোঃ ফজলুর রহমান<br>গ্রাম- ওসমানপুর, পোঃ ওসমানপুর,<br>উপজেলা- খোকসা, জেলা- কুষ্টিয়া।<br>বয়স- ৪২ বছর, জাতীয়তা- বাংলাদেশী। | সদস্য | |
| ০৭। | মোছাঃ রুনা সুলতানা<br>পিতা- সেখ মোঃ মজিবর রহমান<br>গ্রাম- খোকসা, পোঃ জানিপুর,<br>উপজেলা- খোকসা, জেলা- কুষ্টিয়া।<br>বয়স-৩৭, জাতীয়তা- বাংলাদেশী। | | |

০৮-২৭-৭-২০০৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৳২০

৳২০

বিশ টাকা

২০০০০১২

২৭/৭/০৮
৫৫৭২

ই-পুরা ডেভেলোপমেন্ট সোসাইটি
এর
গঠনতন্ত্র

ঢাকা-৫৫৭২(২৭)/২০০৮

পৃঃ — ১

সমাবেশ ও গঠনতন্ত্র

০৮-০৭-২০০৮

২৭/৭/২০০৮

২৭/৭/০৮